রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

সততার কোন বিকল্প নাই, দুর্নীতির সাথে আপোষ নাই।
সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।

প্রধান কার্যালয়, রাজশাহী
শাখা নিয়ন্ত্রণ বিভাগ

ফোন নং : ০২৪৭-৮৬০৫১৯
মোবাইল নং : ০১৭০৮-৮০৬০১২
ই-মেইল : dgmbcd@rakub.org.bd
ওয়েবসাইট : www.rakub.org.bd

শানিবি সার্কুলার নং-০২/২০১৯ তারিখ: ৩০.০১.২০১৯

সকল জোনাল ব্যবস্থাপক
উপ-মহাব্যবস্থাপক, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা
ব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী
সকল শাখা ব্যবস্থাপক (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে)
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

বিষয়: আমানত সংগ্রহের লক্ষ্যে মাসব্যাপী আমানত হিসাব খোলার মেলা প্রসংগে।

প্রিয় মহোদয়

অন্যান্য ব্যাংকের তুলনায় রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের আমানতের ভিত্তি অনেকটাই দুর্বল। গত ৩১.১২.২০১৮ তারিখ ভিত্তিক ব্যাংকের মোট আমানতের পরিমাণ ছিল ৫০৪২.০৫ কোটি টাকা। অপরপক্ষে ব্যাংকের মোট ঋণ স্থিতি ছিল ৫১৯৭.২১ কোটি টাকা। ৩১.১২.২০১৮ তারিখ ভিত্তিক ব্যাংকের ADR রেশিও ৯৪.৩৫% যা সহনীয় মাত্রার চেয়ে কম হলেও এ রেশিও ব্যাংকের স্বার্থে আরো কমানো প্রয়োজন। ব্যাংকের আমানত সংগ্রহের এহেন নাজুক অবস্থা হতে উত্তরণের নিমিত্ত ১৫.০১.২০১৯ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৪৯০তম সভায় পূর্ববর্তী বছরের ন্যায় আগামী ২৪.০২.২০১৯ তারিখ হতে ২১.০৩.২০১৯ তারিখ পর্যন্ত সকল শাখায় "মাসব্যাপী আমানত হিসাব খোলার মেলা" আয়োজনের ক্ষেত্রে নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করা হয়েছে:

"১. রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের সকল শাখায় একযোগে ২৪.০২.২০১৯ হতে ২১.০৩.২০১৯ তারিখ পর্যন্ত মাসব্যাপী আমানত হিসাব খোলার মেলা পরিচালনার অনুমোদন দেয়া হলো।

২. আমানত হিসাব খোলার কার্যক্রম সফল করার জন্য প্রত্যেক নতুন আমানতকারীকে (ন্যূনতম ১,০০০/- টাকার আমানত হিসাব খোলা হলে) রাকাবের মনোগ্রাম সম্বলিত ১টি করে স্টিলের চাবির রিং প্রদান এবং যে সকল কর্মকর্তা-কর্মচারী কমপক্ষে ৪০টি সঞ্চয়ী হিসাব খোলাসহ অন্যান্য হিসাবের বিপরীতে ন্যূনতম ১০.০০ লক্ষ টাকা নতুন আমানত সংগ্রহ করবেন (সংগৃহীত আমানত সংশ্লিষ্ট অর্থবছরের ৩০ জুন পর্যন্ত জমা থাকতে হবে) তাঁদেরকে প্রাইজবন্ড আকারে ১,০০০/- টাকা পুরস্কার দেয়ার পাশাপাশি ব্যবস্থাপনা পরিচালকের স্বাক্ষরে একটি প্রশংসা পত্র প্রদান করতে হবে।

৩. প্রধান কার্যালয়ের মনিটরিং বিভাগ প্রতিদিনের তথ্য ব্যবস্থাপনা পরিচালক, মহাব্যবস্থাপক (পরিচালন) ও শাখা নিয়ন্ত্রণ বিভাগে প্রেরণ করবে। প্রাপ্ত তথ্যের ভিত্তিতে শাখা নিয়ন্ত্রণ বিভাগ প্রয়োজনীয় তদারকি কার্যক্রম পরিচালনা করবে।

৪. এখন থেকে প্রতিবছর একইভাবে ফেব্রুয়ারি-মার্চ মাসে মাসব্যাপি আমানত হিসাব খোলার মেলা আয়োজন করতে হবে।"

০২। ব্যাংকের আমানত সংগ্রহ কার্যক্রম জোরদার করা এবং core deposit হিসেবে সঞ্চয়ী হিসাব খোলার জন্য সর্বোচ্চ গুরুত্ব দিয়ে পর্ষদের উপরোক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্ত নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো:

(ক) ২৪.০২.২০১৯ তারিখ হতে ২১.০৩.২০১৯ তারিখ পর্যন্ত মাসব্যাপী আমানত হিসাব খোলার মেলা পরিচালনা করতে হবে;

(খ) এ মেলা চলাকালীন সময়ে স্থানীয় মুখ্য কার্যালয় রাজশাহী, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা ও প্রতিটি জেলা শাখাকে ন্যূনতম ৫০০টি, উপজেলা/পৌরসভা শাখাকে ৩৫০টি এবং ইউনিয়ন পর্যায়ের শাখাকে ২৫০টি করে সঞ্চয়ী হিসাব খুলতে হবে। তদনুসারে জোনাল ব্যবস্থাপকগণ স্ব-স্ব জোনের আওতাধীন শাখাসমূহের আমানত হিসাব খোলার মেলায় নির্ধারিত সঞ্চয়ী হিসাবসহ অন্যান্য হিসাব খোলার লক্ষ্যমাত্রা প্রদত্ত ছক 'ক' মোতাবেক সার্কুলার জারীর তিনদিনের মধ্যে নির্ধারণ করে দিবেন। উক্ত লক্ষ্যমাত্রার শাখাওয়ারী অনুলিপি তাৎক্ষণিকভাবে শাখা নিয়ন্ত্রণ বিভাগে প্রেরণ করতে হবে:

ছক-'ক'

মাসব্যাপী আমানত হিসাব খোলার মেলায় আমানত সংগ্রহের লক্ষ্যমাত্রা (প্রকৃত অংকে)

ক্রঃ নং	শাখার নাম	সঞ্চয়ী হিসাব		চলতি হিসাব		এসএনডি		স্থায়ী আমানত		বিভিন্ন স্কীম		মোট হিসাব		মন্তব্য
		সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	
১	২	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬

ক্রমশ: পাতা-০২

(গ) মাসব্যাপী আমানত হিসাব খোলার সময়ে প্রত্যেক নতুন আমানতকারীকে (ন্যূনতম ১০০০/- টাকার আমানত জমাকারী) এবং পুরাতন আমানতকারীর হিসাব এ কমপক্ষে ২০০০/- টাকা জমা করলে রাকাবের মনোগ্রাম সম্বলিত একটি করে স্টিলের চাবির রিং প্রদান করতে হবে। চাবির রিং প্রধান কার্যালয়ের সাধারণ সেবা বিভাগ হতে সরবরাহ করা হবে;

(ঘ) যে সকল কর্মকর্তা-কর্মচারী মাসব্যাপী আমানত হিসাব খোলার মেলায় কমপক্ষে ৪০টি নতুন সঞ্চয়ী হিসাব খোলাসহ অন্যান্য হিসাবের বিপরীতে ন্যূনতম ১০.০০ লক্ষ টাকা নতুন আমানত সংগ্রহ করবেন তাঁদেরকে প্রাইজবন্ড আকারে ১০০০/- টাকা পুরস্কার ও ব্যবস্থাপনা পরিচালকের স্বাক্ষরে প্রশংসাপত্র প্রদান করা হবে। সংগৃহিত আমানত সংশ্লিষ্ট অর্থবছরের ৩০ জুন পর্যন্ত জমা থাকতে হবে। পুরস্কারের অর্থ প্রধান কার্যালয়ের ব্যবসা উন্নয়ন খাত হতে খরচ করা হবে। উল্লেখ্য যে, স্কুল ব্যাংকিং, আর্থিক অন্তর্ভুক্তির আওতায় ১০/-, ৫০/- ও ১০০/- টাকায় খোলা হিসাব এবং নবায়নকৃত স্থায়ী আমানত হিসাবসমূহ এ মাসব্যাপী আমানত হিসাব খোলা মেলার আওতা বহির্ভূত থাকবে;

(ঙ) মাসব্যাপী আমানত হিসাব খোলার মেলায় পুরস্কার পাওয়ার যোগ্যতা অর্জনকারী কর্মকর্তা-কর্মচারীদের প্রত্যেকের জন্য প্রদত্ত ছক 'গ' অনুযায়ী সংশ্লিষ্ট বছরের জুন মাস শেষে পৃথক তথ্যশীট প্রস্তুত করতে হবে। প্রতিটি তথ্যশীটে শাখার দ্বিতীয় কর্মকর্তা, ব্যবস্থাপক ও সংশ্লিষ্ট জোনাল ব্যবস্থাপকের স্বাক্ষর থাকতে হবে। তথ্যশীটসমূহ সংশ্লিষ্ট জোনাল নিরীক্ষা কর্মকর্তা কর্তৃক যাচাই অন্তে প্রত্যায়িত হতে হবে। জোনাল কার্যালয় যাচাইকৃত তথ্যশীটসমূহ ৩১ জুলাই এর মধ্যে শাখা নিয়ন্ত্রণ বিভাগে প্রেরণ করবে। শাখা নিয়ন্ত্রণ বিভাগ প্রস্তাবসমূহ যাচাই-বাছাই করে ব্যাংক ব্যবস্থাপনার অনুমোদনক্রমে পুরস্কার ও প্রশংসাপত্র প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

(চ) জোনাল কার্যালয়সমূহ মাসব্যাপী আমানত হিসাব খোলা মেলার প্রতিদিনের অগ্রগতি প্রদত্ত ছক-'খ' শাখাসমূহ হতে সংগ্রহপূর্বক শাখাওয়ারী সংকলিত প্রতিদিনের বিবরণী ঐ দিনই সন্ধ্যা ৬.০০টার মধ্যে প্রধান কার্যালয়ের মনিটরিং বিভাগের ই-মেইল ঠিকানায় (dgmmu@rakub.org.bd) প্রেরণ করবে। মনিটরিং বিভাগ প্রতিদিনের তথ্য পরবর্তী দিন সকাল ১১.০০ টার মধ্যে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়, মহাব্যবস্থাপকগণের দপ্তর ও শাখা নিয়ন্ত্রণ বিভাগে প্রেরণ করবে। প্রাপ্ত তথ্যের ভিত্তিতে শাখা নিয়ন্ত্রণ বিভাগ প্রয়োজনীয় তদারকি কার্যক্রম পরিচালনা করবে;

ছক-'খ'

---------- তারিখ পর্যন্ত আমানত হিসাব খোলার মেলায় দৈনিক হিসাব খোলার বিবরণী

(প্রকৃত অংকে)

ক্রঃ নং	শাখার নাম	সঞ্চয়ী আমানত হিসাব খোলার লক্ষ্যমাত্রার	------------ তারিখে সঞ্চয়ী আমানত হিসাব খোলার		-------- তারিখ পর্যন্ত সঞ্চয়ী আমানত হিসাব খোলার			------------ তারিখে অন্যান্য আমানত হিসাব খোলার লক্ষ্যমাত্রা
		সংখ্যা	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	হার	সংখ্যা
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯

------------ তারিখে অন্যান্য আমানত হিসাব খোলার		------------ তারিখ পর্যন্ত অন্যান্য আমানত হিসাব খোলার			মোট আমানত হিসাব খোলার	
সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	হার	সংখ্যা	পরিমাণ
১০	১১	১২	১৩	১৪	১৫	১৬

(ছ) প্রতি বছর একইভাবে ফেব্রুয়ারি-মার্চ মাসে মাসব্যাপী আমানত হিসাব খোলার মেলা আয়োজন করা হবে। মেলা আয়োজনের তারিখ প্রধান কার্যালয় হতে প্রতিবছর অবহিত করা হবে।

০৪। আমানত হিসাব খোলার মেলা উৎসবমুখর ও বর্ণাঢ্য পরিবেশে অনুষ্ঠিত করার নিমিত্ত নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করতে হবে: শাখার প্রত্যেক কর্মকর্তা-কর্মচারীর মধ্যে এলাকা ভাগ করে দিতে হবে। সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী নিজ নিজ এলাকার

(ক) সম্ভাব্য আমানতকারীগণের সঙ্গে ব্যক্তিগতভাবে যোগাযোগ করবেন;

(খ) এলাকাভিত্তিক প্রত্যেক কর্মকর্তা-কর্মচারীর আমানত সংগ্রহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দিতে হবে। তবে বণ্টনকৃত এলাকার বাহিরে সুযোগ থাকলে সেখান থেকে আমানত সংগ্রহ করা যেতে পারে;

(গ) প্রত্যেকটি শাখায় ব্যানার (নমুনা মোতাবেক) (সাইজ ২.৫ ফুট×৫ ফুট) টানানোসহ শাখাগুলোতে বিভিন্ন ধরণের ফেস্টুন/রঙ্গিন কাগজ দিয়ে সাজাতে হবে;

(ঘ) শাখার আওতাধীন এলাকায় ব্যাপক প্রচার-প্রচারণার নিমিত্ত মাইকিং, ঢোল শহরতের মাধ্যমে শাখায় উৎসব মুখর পরিবেশ সৃষ্টির ব্যবস্থা নিতে হবে;

(ঙ) মাসব্যাপী আমানত হিসাব খোলার মেলায় নতুনভাবে খোলা প্রত্যেক হিসাবধারীকে হালকা আপ্যায়ন করাতে হবে;

(চ) প্রত্যেক শাখায় সঞ্চয়ী হিসাবসহ অন্যান্য আমানত হিসাব খোলা সংক্রান্ত যাবতীয় ফরম ও জমা স্লিপ যাতে যথেষ্ট পরিমাণ মজুদ থাকে সেজন্য জোনাল ব্যবস্থাপকগণ পূর্বেই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;

(ছ) 'মাসব্যাপী আমানত হিসাব খোলার মেলা' সফল করার জন্য জোনাল ব্যবস্থাপকগণ শাখাসমূহ নিবিড়ভাবে পর্যবেক্ষণের ব্যবস্থা নেবেন এবং MIS এর মাধ্যমে প্রতিদিনের তথ্য প্রতিদিন মনিটর করবেন। কোন শাখায় এ বিষয়ে শৈথিল্য/গাফিলতি পরিলক্ষিত হলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

ক্রমশ: পাতা-০৩

০৫। "মাসব্যাপী আমানত হিসাব খোলা মেলা" শুরুর পূর্বেই (সার্কুলার জারীর পর) জোনাল ব্যবস্থাপকগণ মেলা কার্যকর ও ফলপ্রসু করার লক্ষ্যে শাখাসমূহে সকল প্রস্তুতি সম্পন্ন করবেন এবং প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবেন। বিভাগীয় মহাব্যবস্থাপকগণ ও ব্যাংকের প্রধান কার্যালয়ের নির্বাহীগণ শাখাসমূহে পরিদর্শন করে সকলকে উদ্বুদ্ধকরণসহ দিক নির্দেশনা দেবেন। ব্যাংকের সকল কর্মকর্তা-কর্মচারী স্বতঃস্ফুর্ত অংশগ্রহণের মাধ্যমে "মাসব্যাপী আমানত হিসাব খোলার মেলা" শতভাগ সাফল্যমন্ডিত করে তুলবেন বলে ব্যাংক ব্যবস্থাপনা দৃঢ়ভাবে বিশ্বাসী।

ছক- 'গ'

মাসব্যাপী আমানত হিসাব খোলার মেলায় আমানত সংগ্রহের বিবরণী: (প্রকৃত অংকে)

ক্রঃ নং	শাখার নাম	পুরস্কার পাওয়ার যোগ্যতা অর্জনকারী কর্মকর্তা-কর্মচারীর নাম ও পদবী	সঞ্চয়ী হিসাব		চলতি হিসাব		এসএনডি		বিভিন্ন স্কীম		স্থায়ী আমানত		মোট হিসাব		মন্তব্য
			সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬

০৬। এ সংক্রান্ত কোন ব্যাখার প্রয়োজন হলে শাখা নিয়ন্ত্রণ বিভাগের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

৩০.০১.২০১৯
(অসিত কুমার সরকার)
উপ-মহাব্যবস্থাপক

প্রকা/শানিবি-৮(১৫)/২০১৮-২০১৯/৯৫১(৪০১)/৫৩ তারিখ: ৩০.০১.২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৫। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৬। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে সার্কুলার লেটারটি রাকাব ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
০৭। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট,রাজশাহী।
০৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৯। প্রকল্প পরিচালক, এসইসিপি, উপশহর, রাজশাহী।
১০। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে), জোনাল নিরীক্ষা কার্যালয়, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১১। জনসংযোগ কর্মকর্তা, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।

৩০.০১.২০১৯
(শেখ মোঃ নূরুজ্জামান)
সহকারী মহাব্যবস্থাপক